



প্রার্থনা হচ্ছে একাত্মচিন্তে চাওয়া এবং পাওয়ার প্রক্রিয়ায় নিজেকে বিলীন করে দেয়া। প্রার্থনায় অবিচল বিশ্বাস ও সেই সাথে নিরলস পরিশ্রম করলেই বুঝতে হবে প্রার্থনার সাথে প্রার্থনাকারী একাকার হয়ে গেছেন।

প্রষ্টা প্রার্থনা পছন্দ করেন এবং তা কবুল করেন। তিনি আপনার প্রার্থনার ফল সাথে সাথে বা যথোপযুক্ত সময়ে বা পরকালে দিতে পারেন।

গীবতকারী, হারামখোর, দুর্নীতিবাজ ও জালেমের প্রার্থনা কবুল হয় না। তবে সর্বান্তকরণে তওবা করলে ভিন্ন কথা।

শাস্ত্বত ধর্মীয় শিক্ষার আলোকে মাতৃভাষায় গ্রন্থিত এ প্রার্থনায় আসুন সবাই নিমগ্ন হই অনন্ত কল্যাণের প্রত্যাশায়।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সকল প্রশংসা বিশ্ব জাহানের প্রতিপালক হে আল্লাহ তোমারই জন্যে।

তুমি দয়াময়! মেহেরবান!

প্রতিদান দিবসের মালিক!

আমরা শুধু তোমারই ইবাদত করি—

শুধু তোমারই সাহায্য চাই।

প্রভু হে! বিভ্রান্ত ও অভিশপ্তদের অন্ধকার গহ্বর থেকে তুমি আমাদের রক্ষা কর।

প্রভু হে! তোমার প্রিয়জনদের

সহজ সরল আলোকিত পথে

আমাদের পরিচালিত কর। আমিন!

১. হে করুণাময়! দুঃখীর দুঃখ দূর করা, অসুস্থকে নিরাময় করা, মজলুমের কষ্ট মোচন করা, অভাবকে প্রাচুর্যে রূপান্তরিত করা, মানুষের জীবনকে মমতায় ভরিয়ে দেয়া আর পরিপূর্ণভাবে নিজেকে চেনার সঠিক পথে আমাকে এগিয়ে নিয়ে যাও।

মহাজীবনের সহজ স্বাভাবিক ধারায় মহামানবের পথে এগিয়ে যাওয়ার শক্তি আমাকে দাও। আমার মেধাকে পুরোপুরি বিকশিত কর। আমার ভেতরে সুপ্ত অনন্য মানুষকে— ইনসানে কামেলকে জাগিয়ে দাও।

হে করুণাময়! হে মহামহান! হে পরম সন্তা! আমি তোমার বিশ্বজনীন মহামমতা, সৃজনশীলতা ও পরিপূর্ণতারই এক ক্ষুদ্র সংস্করণ। আমি মানুষ। আমি তোমারই প্রতিনিধি। আমি তোমাতেই সমর্পিত। আমায় ক্ষমা কর। আমায় কবুল কর।

হেদায়েত

২. হে আমাদের প্রতিপালক! আমরা সত্যপথের আহ্বানকারীর ডাক শুনতে পেয়েছি। তার আহ্বানে সাড়া দিয়ে আমরা বলেছি— তুমিই আমাদের প্রভু! তুমি একক ও অদ্বিতীয়। সর্বময় ক্ষমতার মালিক। তুমি আমাদের সকল অপরাধ ক্ষমা কর। আমাদের নেতিবাচক ও ক্ষতিকর দিকগুলো সংশোধন করে দাও। মন ও প্রবৃত্তিকে আমাদের নিয়ন্ত্রণে এনে দাও। আমাদের ইতিবাচক দৃষ্টিভঙ্গিতে বলীয়ান কর। বিশ্বাসে অনড়, মেধায় শাণিত, সিদ্ধান্তে বিচক্ষণ ও দক্ষতায় কর অনন্য। শেষ বিচারের দিনে তোমার প্রিয় বান্দাদের সাথে আমাদের হাশর কর। তুমি করুণাময়! তুমি ক্ষমাশীল! সকল কল্যাণের উৎস! অনন্ত প্রশান্তি ও কল্যাণে আমাদের জীবন ভরিয়ে দাও।

৩. হে মহাবিশ্বের প্রতিপালক!

আকাশের নীলিমায়, সাগরের গভীরে, পাতার পরতে, বালুর রেণুতে, রঙের ছটায়, শব্দের তরঙ্গে, বর্নার প্রবাহে, বস্তুর আকৃতিতে, প্রাণের বৈচিত্র্যে, তোমারই মহিমা নব নব রূপে দীপ্যমান। তুমি মহামহিম! আমাদের শুকরিয়া গ্রহণ কর। পানাহ দাও অশান্তির আগুন থেকে, বাল্য-মুসিবত থেকে, জালেমের জুলুম থেকে। অন্তর প্রাপ্তি কর প্রশান্ত প্রত্যয়ে। জীবন উদ্ভাসিত কর সত্যের বিভায়।

৪. হে পরম শান্তিদাতা! তোমার স্মরণেই বিশ্বাসীর অন্তর শান্তি ও তৃপ্তি লাভ করে। প্রভু হে! আমার অন্তরে তোমার স্মরণ তোমার জিকির জারি করে দাও। যেন আমি পরম শান্তি লাভ করতে পারি, সদানন্দে থাকতে পারি, তোমার প্রিয়জনদের পথে চলতে পারি।

অস্থিরতা দূর

৫. হে প্রভু! সকল বিপদ ত্রাতা! পরম শান্তিদাতা! আমার সকল অস্থিরতা পেরেশানি ও অশান্তি দূর কর। আমাকে হতাশামুক্ত রাখো। শান্তি ও রহমতে আমার জীবন পরিপূর্ণ করে দাও।

সমমর্মিতা

৬. হে আমাদের প্রতিপালক! আমাকে এবং বিশ্বাসী সকল মানুষকে তুমি ক্ষমা কর। আমাদের অন্তরকে সকল প্রকার পাপ হিংসা-দ্বেষ-ঘৃণা থেকে মুক্ত রাখো। আমাদের পারস্পরিক সমঝোতা ও সমমর্মিতা বাড়িয়ে দাও যেন আমরা এক দেহ এক প্রাণ হয়ে শুধু তোমারই ইবাদত করতে পারি। যেন সবসময় সৎসঙ্গে একাত্ম থাকতে পারি। তোমারই সম্ভষ্টির জন্যে নিজেকে উৎসর্গ করতে পারি। আমিন!

ক্ষমা

৭. হে আল্লাহ! তুমি ক্ষমাশীল! তুমি ক্ষমা করতে ভালবাসো। আমায় ক্ষমা কর।

৮. প্রভু হে! আমি নিজেই নিজের ওপর জুলুম করেছি, অন্যায় করেছি, পাপ করেছি। তুমি ছাড়া আমায় ক্ষমা করার কেউ নেই। তোমার ক্ষমা ও করুণাই শুধু আমাকে ধ্বংস থেকে রক্ষা করতে পারে। তুমি আমার সকল অপরাধ ক্ষমা কর। আমায় করুণা কর। তোমার রহমত ও বরকতের ছায়ায় আশ্রয় দাও।

সৃষ্টির সেবায় আমৃত্যু মেধাকে কাজে লাগানোর তওফিক দাও। প্রশান্তি ও আনন্দে জীবন ভরিয়ে দাও।

৯. হে মহামহান! তুমি মহাপবিত্র!

তুমি ছাড়া কোনো উপাস্য নাই।

আমি গুনাহগার! আমি পাপী!

আমায় ক্ষমা কর।

ভয়-ভীতি দূর

১০. হে সর্বশক্তিমান! মহামহান!

আমার অন্তর থেকে সব ধরনের অমূলক ভয়-ভীতি ও আশঙ্কা দূর করে দাও।

সকল নেতিচিন্তা থেকে আমাকে মুক্ত রাখো। প্রভু হে! শক্তি, সাহস ও বিশ্বাসে আমার অন্তরকে প্রাপ্তি কর। আমায় রূপান্তরিত কর অনন্য মানুষে।

সঠিক সিদ্ধান্ত

১১. হে আমার প্রভু! আমার অন্তর্দৃষ্টি খুলে দাও। আমি যেন সবসময় স্বতঃস্ফূর্তভাবে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারি।

জ্ঞান ও প্রজ্ঞা

১২. হে আমার প্রতিপালক!

আমাকে জ্ঞান ও প্রজ্ঞা, শোকর, সবর ও হিকমা দান কর। যেন আমি ঠিক সময়ে ঠিক কাজটি করতে পারি।

সৎসঙ্গে একাত্মতা

১৩. হে মহাজ্ঞানী! মহামহান!

ষড়যন্ত্রকারীদের অপকৌশল ও ষড়যন্ত্র হতে তুমি আমাকে রক্ষা কর।

সবসময় সৎসঙ্গে একাত্ম রাখো।

শয়তানি প্ররোচনায় সৎসঙ্গে থেকে বিচ্ছিন্ন বা নিষ্ক্রিয় হওয়ার আত্মবিনাশী প্রবণতা দূর কর। অহমমুক্ত হয়ে সৎ নেতৃত্বকে অনুসরণ করার তওফিক দাও।

নামাজে মনোযোগ

১৪. হে আল্লাহ! নামাজে দাঁড়ানোর সাথে সাথেই আমার মনকে সকল চিন্তামুক্ত করে তোমারই দিকে রঞ্জ কর। অন্তরকে প্রাপ্তি কর তোমারই প্রেমে। প্রতিটি সেজদাকে পরিণত কর মোরাজে। সকল অন্যায় ও অশ্লীলতা থেকে রক্ষা কর। আশ্রয় দাও তোমারই রহমতের ছায়ায়।

সুবচন

১৫. হে আমার প্রতিপালক!

আমাকে শক্তি দাও, সাহস দাও, আমার অন্তর্দৃষ্টি খুলে দাও। আমার কাজকে সহজ করে দাও। জিহ্বা ও কণ্ঠের জড়তা দূর করে দাও। সহজ স্বতঃস্ফূর্তভাবে বলার ক্ষমতা দাও, যেন সবাই আমার কথা বুঝতে পারে। আমার সুন্দর বচন আর সদাচরণ যেন সবার হৃদয়ে প্রশান্তির সঞ্চার করতে পারে। আমিন!

বিজয়

১৬. হে সর্বশক্তিমান প্রভু! বিশ্বাসীদের সাহায্য করা ও বিজয় দান করার দায়িত্ব তুমি গ্রহণ করেছো। আমরা বিশ্বাসী। প্রভু হে! সকল প্রকার শোষণ জুলুম হতে আমাদের মুক্তি দাও। সকল বিপদ থেকে পানাহ দাও। সত্য ও ন্যায়ের সংগ্রামে আমাদের বিজয়ী কর। আমিন!

সমর্পণ

আমার ত্যাগ আমার স্মরণ
আমার মেধা আমার মনন
আমার কলম আমার বচন
আমার শক্তি আমার ধন
আমার জীবন আমার মরণ

আমার সবকিছুই মহাবিশ্বের প্রতিপালক
হে আল্লাহ! তোমায় করছি সমর্পণ।
অনন্ত অসীম দয়াময় প্রভু তুমি নিরঞ্জন!
তোমার রহমতের ছায়ায় আমায়
রাখো প্রতিক্ষণ।



কোয়ান্টাম ফাউন্ডেশন

কেন্দ্রীয় দফতর :

১১৯/পি শান্তিনগর (দোতলা), ঢাকা-১২১৭।

ফোন : ৯০৪১৪৪১, ৮০১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮

চট্টগ্রাম : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০

সিলেট : ০৮২১-৭১১৬১২, ০১৭১১-২৮০৬৫২

রাজশাহী : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯

মিরপুর : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪

E-Mail : info@quanfey.org

Web Site : www.quantummethode.org

April 2007 ■ WINDOWS ■ 01720-515825

আসুন
প্রার্থনা
করি

১

মহাজাতক